

ক্রমাইয়ে বাংলাদেশের প্রথম নারী হাইকমিশনার হিসেবে নিযুক্ত হয়েছেন নাহিদা রহমান সুমনা। দেশটিতে বর্তমানে হাইকমিশনারের দায়িত্বে থাকা এয়ার ভাইস মার্শাল (অব.) মাহমুদ হোসেনের স্থলাভিষিক্ত হচ্ছেন তিনি। সোমবার এ তথ্য জানায় পররাষ্ট্র মন্ত্রণালয়।

১৯৯৯ সালে নাহিদা রহমান সুমনা যোগ দেন পররাষ্ট্র মন্ত্রণালয়ে। সেবা ও কল্যাণ বিভাগের মহাপরিচালক ও মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ বিভিন্ন পদের দায়িত্ব ছাড়াও ব্রাজিলে ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত, কানাডায় ভারপ্রাপ্ত হাইকমিশনার, কলকাতা ডেপুটি হাইকমিশনে কাউন্সিলর ও ক্যানবেরায় প্রথম সচিবের দায়িত্ব পালন করেন তিনি। বর্তমানে তিনি পররাষ্ট্র মন্ত্রণালয়ে আঞ্চলিক সংস্থা উইংয়ের মহাপরিচালকের দায়িত্ব পালন করছেন।

নাহিদা রহমান সুমনা ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজি সাহিত্যে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। এছাড়া অস্ট্রেলিয়ার মোনাশ বিশ্ববিদ্যালয় থেকে কূটনীতি ও আন্তর্জাতিক বাণিজ্যে স্নাতকোত্তর এবং জেনেভা বিশ্ববিদ্যালয় থেকে পানি আইনে ফেলোশিপ অর্জন করেন।



নাহিদা রহমান সুমনা বিসিএস (বাংলাদেশ সিভিল সার্ভিস) ১৭তম ব্যাচের সদস্য। কূটনৈতিক পেশায় যোগ দেওয়ার পর তিনি ব্রাসিলিয়া, অটোয়া, কলকাতা ও ক্যানবেরায় বাংলাদেশ মিশনে বিভিন্ন পর্যায়ের সাফল্যের সঙ্গে দায়িত্ব শেষ করেন।

পারিবারিক জীবনে আসলাম ইকবালের সঙ্গে নাহিদা রহমান সুমনার বিবাহ হয়। আসলাম ইকবাল সরকারের

সাবেক অতিরিক্ত সচিব। দাম্পত্য জীবনে এই দম্পতি দুই পুত্র সন্তানের জনক এবং জননী।